দৈনিক সংবাদ

তারিখ 18 JAN 1986
পৃষ্ঠা ... কলাম ...

031

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশিত

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সনে অনুষ্ঠিত বিএ (পাস), বিএসসি (পাস) ও বিকম (পাস) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। বিএ পরীক্ষায় পাসের হার ৪১ দশমিক ৫। মোট পরীক্ষার্থীর সংখ্যা ১২ হাজার ১৯১ জন। এর মধ্যে প্রথম বিভাগে ৩ জন, দ্বিতীয় বিভাগে ১ হাজার ৪২২ জন, তৃতীয় বিভাগে ৩ হাজার ৬৪০ জন এবং পাস ১ জন। মোট উত্তীর্ণ ৫ হাজার ৬৬ জন। বিএসসি পরীক্ষায় পাসের হার ৩৯। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৮৮ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১৬ জন, দ্বিতীয় বিভাগে ৬৫২ জন, তৃতীয় বিভাগে ৯২৫ জন এবং পাস ২ জন। মোট উত্তীর্ণ ১ হাজার ৫৯৫ জন।—বিকম পরীক্ষায় পাসের হার ৩৪ দশমিক ৬। মোট পরীক্ষার্থীর সংখ্যা ২ হাজার ৮২০ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১ জন, দ্বিতীয় বিভাগে ১৬৯ জন এবং তৃতীয় বিভাগে ৮০৬ জন। মোট উত্তীর্ণ ৯৭৬ জন।

বিএসসি পাস গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষায় পাসের হার ২৪ দশমিক ৬। মোট পরীক্ষার্থী ৬৫ জন। এর মধ্যে দ্বিতীয় বিভাগে ১৬ জন উত্তীর্ণ হয়েছে।

বি মিউজিক পরীক্ষার মোট ৪ জনের মধ্যে ২ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৫০। খবর প্রেস বিজ্ঞপ্তির।